গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

বিষয়ঃ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের "ইনোভেশন সংক্রান্ত" ১৬/০৭/২০১৭ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব রমা রাণী রায়। অতিরিক্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও চীফ ইনোভেশন অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ	:	১৬/০৭/২০১৭
সভার সময়	:	বেলা ১০.৩০টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট"ক"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় জানান বর্তমান সরকার জনগণের সেবায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (a2i) প্রোগ্রামের সমন্বয়ে জন প্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার নিমিত্ত প্রতিটি মন্ত্রণালয় এবং তার অধীনস্থ দপ্তর/সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যাবলি সম্পাদন এবং এ সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ ও প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক গত ৩০ মার্চ ২০১৭ মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে ইনোভেশন সার্কেল সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের ইনোভেশন টিম অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের (a2i) প্রোগ্রামের প্রশিক্ষকবৃন্দ কারিগরি সহযোগিতা প্রদান করেন। প্রশিক্ষণে আওতাধীন সংস্থাগুলোর আইডিয়াগুলো উপস্থাপন করা হয়। পরবর্তীতে গত ২১/০৫/২০১৭ তারিখ মন্ত্রিপরিষদ সভাকক্ষে ইনোভেশন সার্কেল সভা (২য় রাউন্ড) অনুষ্ঠিত হয়। সভায় ২০১৭-২০১৮ অর্থ বছরের ইনোভেশন আইডিয়াগুলো বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এবং সংস্থাগুলোর ইনোভেশন টিমের যে সকল কর্মসূচি বাস্তবায়নযোগ্য বা বাস্তবায়ন হয় নি তা দ্রুত সম্পন্ন করার উপর আলোকপাত করা হয়।

০২। সভার আলোচিত বিষয় ও মন্ত্রণালয়ের করণীয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা আয়োজন ও সমন্বয় সভায় অন্তর্ভুক্তকরণ	ইনোভেশন টিমসমূহের মাসিক সভা নিয়মিত আয়োজন করতে হবে। প্রতিমাসের একটি তারিখ বা দিন নির্ধারণ করতে হবে। সভায় সুনির্দিষ্ট এজেন্ডা নিয়ে আলোচনা করা, মন্ত্রণালয় ও সংস্থাসমূহের উদ্ভাবনী উদ্যোগসমূহ সভার এজেন্ডাভুক্ত করতে হবে এবং সভার কার্যবিবরণী তৈরি করতে হবে। তাছাড়া মাসিক সমন্বয় সভায় বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।	ইনোভেশন টিম (মন্ত্রণালয়), ইনোভেশন টিম (৬টি সংস্থা)
২।	মাঠ পর্যায়ে উদ্ভাবনী পাইলট উদ্যোগ পর্যালোচনা/শোকেসিং (মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সম্পৃক্ততায়)	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ পর্যালোচনা/শোকেসিং করতে হবে। এক্ষেত্রে সম্ভাব্য ভেন্যু হিসেবে রাঙ্গামাটি পার্বত্য জেলায় অবস্থিত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভবন প্রাঙ্গনে ২দিন ব্যাপী ইনোভেশন মেলার আয়োজন করতে হবে। এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ করে আগামী ২৪ ও ২৫ জুলাই ২০১৭ বা সুবিধাজনক সময়ে তারিখ উক্ত অনুষ্ঠানের আয়োজন করা হবে।	ইনোভেশন টিম (মন্ত্রণালয়), ইনোভেশন টিম (৬টি সংস্থা)

৩।	রেপ্লিকেশন সম্পন্ন করা উদ্ভাবনী উদ্যোগ সংখ্যা (শিরোনামসহ) ও এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	ইনোভেশন টিম কর্তৃক উদ্ভাবিত আইডিয়াসমূহ রেপ্লিকেশন করতে হবে। এছাড়া নতুন আইডিয়া বাস্তবায়নের জন্য অধীনস্থ সকল সংস্থায় দুই দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। আগামী ২৪ ও ২৫ জুলাই ২০১৭ তারিখ বা সুবিধাজনক সময়ে উক্ত অনুষ্ঠানের সাথে দুই দিন ব্যাপী উদ্ভাবনী উদ্যোগসমূহের রেপ্লিকেশন সম্পন্ন করাসহ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম (মন্ত্রণালয়), ইনোভেশন টিম (৬টি সংস্থা)
৪।	ইনোভেশন কার্যক্রম তরান্বিত করার জন্য মেন্টর নিয়োগ	মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের উদ্ভাবনী কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে একাধিক মেন্টর নিয়োগ করতে হবে। মেন্টর নিয়োগের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ ও এটুআই এর সাথে যোগাযোগ করতে হবে। আগামী সেপ্টেম্বর/২০১৭ মাসের মধ্যে মেন্টর নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ইনোভেশন টিম (মন্ত্রণালয়), ইনোভেশন টিম (৬টি সংস্থা)
৫।	ইনোভেশন আইডিয়াসমূহের কর্মপরিকল্পনা প্রেরণ	মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-১৮ অর্থ বছরের উদ্ভাবনী আইডিয়াসমূহের হালনাগাদ কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং পরবর্তীতে মন্ত্রণালয় তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।	ইনোভেশন টিম (মন্ত্রণালয়), ইনোভেশন টিম (৬টি সংস্থা)
৬।	মন্ত্রণালয়/সংস্থাগুলোর ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার তৈরি ও তথ্য হালনাগাদকরণ	মন্ত্রণালয়/সংস্থাগুলোর ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার না থাকলে তা তৈরি করতে হবে এবং ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি ইনোভেশন কর্ণারে নিয়মিত হালনাগাদ করতে হবে।	ইনোভেশন টিম, সহকারী প্রোগ্রামার (মন্ত্রণালয়), ইনোভেশন টিম ও আইটি অফিসার (৬টি সংস্থা)

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০/০৭/২০১৭
(রমা রাণী রায়)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চীফ ইনোভেশন অফিসার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নং-২৯.০০.০০০০.২১৩.১৮.০২৯.১৫- ১০৮৩

তারিখ ঃ ২০/০৭/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তেজগাঁও, ঢাকা।
২। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (দৃঃ আঃ ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম)।
৩। জনাব মানিক লাল বনিক, অতিরিক্ত সচিব (সমন্বয়) ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। জনাব এবিএম নাসিরুল আলম, যুগ্ম সচিব (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি (দৃঃ আঃ ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম)।
৬। জনাব সুবিনয় ভট্টাচার্য্য, উপসচিব (প্রশাসন-১) ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। জনাব বিদুষী চাকমা, উপসচিব (উন্নয়ন) ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান (দৃঃ আঃ ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম)।
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি (দৃঃ আঃ ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম)।
১০। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। আইসিটি স্পেশালিস্ট/সহকারী প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(সুবিনয় ভট্টাচার্য্য)
উপসচিব
ফোন: ৯৫৭৬৬৪৩
E-mail : a.mochta@yahoo.com

D:\Mustaq\Innovation of MoCHTA\Forwading Minutes of Innovation.doc